ঢাকা বিশ্ববিদ্যালয় বার্তা

৩৩ বর্ষ ২০তম সংখ্যা   ওয়েবসাইট : http://www.du.ac.bd (DU Barta)   ১৬ কার্তিক ১৪২৬, ৩১ অক্টোবর ২০১৯

৮ম ছায়া সংসদের অধিবেশন

বাংলাদেশ যুব ছায়া সংসদের ৮ম অধিবেশন গত ১৯ অক্টোবর ২০১৯ ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়েছে। অধিবেশনে স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী, এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান এই ৮ম ছায়া সংসদের উদ্বোধন করেন। এই অধিবেশনের প্রতিপাদ্য বিষয় ছিল 'খাদ্য অপচয় রোধ ও পুষ্টিকর নিরাপদ খাদ্য নিশ্চিত করুন, যুব ক্ষমতায়নে অগ্রাধিকার দিন'।

সর্বদলীয় সংসদীয় গ্রুপের সেক্রেটারি জেনারেল শিশির শীলের সভাপতিত্বে এতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আরমা দত্ত, এমপি এবং কৃষি মন্ত্রণালয়ের সাবেক সচিব আনোয়ার ফারুক। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন হাঙ্গার ফ্রি ওয়ার্ল্ড-এর কান্ট্রি ডিরেক্টর আতাউর রহমান মিটন।

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেন, যুব ছায়া সংসদের মাধ্যমে যুবকরা মুক্ত চিন্তার চর্চা ও বিকাশ ঘটিয়ে থাকে। তাদেরকে এ জাতীয় কার্যক্রমে ব্যাপকভাবে যুক্ত করতে হবে। তরুণরা যদি ছায়া সংসদের মাধ্যমে এ ধরণের চর্চা অব্যাহত রাখে, তাহলে নিজেদের উন্নত করার পাশাপাশি পরমতসহিষ্ণু হিসেবে গড়ে তুলতে পারবে।

উদ্বোধনী বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, আমরা খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন করেছি কিন্তু অসাধু ব্যবসায়ীদের কারণে পুষ্টিসম্মত নিরাপদ খাদ্য নিশ্চিত করা যাচ্ছে না। খাদ্যের গুণগতমান ও সুষম বন্টনের ওপর গুরুত্বারোপ করে উপাচার্য বলেন, আমাদেরকে খাদ্যের অপচয় রোধ ও অব্যবস্থাপনা দূর করতে হবে।

উপাচার্য আরও বলেন, নৈতিক অবক্ষয় ও মূল্যবোধের অভাবে সমাজে অনাকাঙ্খিত, অশোভনীয় ও অনভিপ্রেত ঘটনা ঘটে থাকে। এসব প্রতিরোধে সামাজিক সম্প্রীতি গড়ে তোলার জন্য যুব সমাজের প্রতি তিনি আহ্বান জানান।

উল্লেখ্য, বাংলাদেশ জাতীয় সংসদের সংসদীয় নির্বাচনী এলাকার আদলে ৩০০জন এবং সংরক্ষিত মহিলা আসনে ৫০ জনসহ মোট ৩৫০জন শিক্ষার্থী এই বাংলাদেশ যুব ছায়া সংসদে প্রতিনিধিত্ব করেন।

ঢাবি'র আবাসিক হলের সমস্যা সমাধানে পরিকল্পিত কর্মকৌশল গ্রহণ করা হবে: উপাচার্য

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বিভিন্ন আবাসিক হলে দীর্ঘদিনের পুঞ্জীভূত সমস্যা সমাধানে পরিকল্পিত কর্মকৌশল গ্রহণের ওপর গুরুত্বারোপ করে বলেছেন, এসব সমস্যা সমাধানে হল প্রশাসনকে সমন্বিত উদ্যোগ গ্রহণ করতে হবে। গত ২৩ অক্টোবর ২০১৯ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন মিলনায়তনে আবাসিক হল এবং হোস্টেল প্রশাসনের দায়িত্ব ও কর্তব্য বিষয়ে এক মতবিনিময় সভায় সভাপতির বক্তব্যে তিনি এ কথা বলেন।

কোনভাবেই অছাত্রদের হলে অবস্থান করতে দেওয়া হবে না উল্লেখ করে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, ১ম বর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের মেধার ভিত্তিতে শূন্য আসনে সিট বরাদ্দ করতে হবে। আবাসিক শিক্ষক ও সহকারী আবাসিক শিক্ষকদের নিয়ে হল প্রশাসনকে সমন্বিতভাবে কাজ করতে হবে। হল প্রশাসনের সকল উদ্যোগে হল সংসদকে সম্পৃক্ত করতে হবে। আবাসিক হলসমূহে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার লক্ষ্যে নিয়মিত ফ্লোর পরিদর্শনের জন্য তিনি আবাসিক শিক্ষক ও সহকারী আবাসিক শিক্ষকদের প্রতি আহ্বান জানান।

সভায় বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন, বিভিন্ন হলের প্রাধ্যক্ষ, আবাসিক শিক্ষক ও সহকারী আবাসিক শিক্ষক এবং প্রক্টর বক্তব্য রাখেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ২৭ অক্টোবর ২০১৯ রাতে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন আবাসিক হল পরিদর্শন করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় শোক দিবস পালিত

বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে গত ১৫ অক্টোবর ২০১৯ ঢাকা বিশ্ববিদ্যালয় শোক দিবস পালিত হয়েছে। ১৯৮৫ সালের ১৫ অক্টোবর রাতে জগন্নাথ হলে সংঘটিত মর্মান্তিক দুর্ঘটনায় নিহতদের স্মরণে প্রতি বছর দিবসটি পালন করা হয়। দুর্ঘটনায় ২৬জন ছাত্র, ১৪জন অতিথি ও কর্মচারীসহ মোট ৪০জন নিহত হন। দিবসটি পালন উপলক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের সকল হল, হোস্টেল ও প্রধান প্রধান ভবনে কালো পতাকা উত্তোলন, বিশ্ববিদ্যালয়ের পতাকা অর্ধনমিত রাখা ও কালো ব্যাজ ধারণ করা হয়। বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক-কর্মকর্তা-কর্মচারিবৃন্দ সকাল সাড়ে ৭টায় অপরাজেয় বাংলার পাদদেশ থেকে শোক র‍্যালি সহকারে জগন্নাথ হল স্মৃতিসৌধে যান এবং পুষ্পস্তবক অর্পণ ও নীরবতা পালন করেন।

পরে অক্টোবর স্মৃতি ভবনস্থ টিভি কক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে আলোচনা সভায় প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন, ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল, পংকজ দেবনাথ এমপি, জগন্নাথ হলের প্রভোস্ট অধ্যাপক ড. মিহির লাল সাহা, প্রাক্তন প্রভোস্ট অধ্যাপক ড. নিম চন্দ্র ভৌমিক, ঢাবি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের মহাসচিব রঞ্জন কর্মকার, ডাকসু'র ভিপি নুরুল হক নুর, জগন্নাথ হল ছাত্র সংসদের ভিপি উৎপল বিশ্বাস, ঢাকা বিশ্ববিদ্যালয় অফিসার্স এসোসিয়েশন-এর সভাপতি মো. আমিরুল ইসলাম, দুর্ঘটনায় আহত তৎকালীন ছাত্র ও বিশ্ববিদ্যালয়ের বর্তমান ডেপুটি রেজিস্ট্রার প্রবীর কুমার সরকারসহ তৃতীয় শ্রেণী কর্মচারী সমিতি, কারিগরী কর্মচারী সমিতি ও চতুর্থ শ্রেণী কর্মচারী ইউনিয়নের নেতৃবৃন্দ বক্তব্য রাখেন। ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. এনামউজ্জামান অনুষ্ঠান সঞ্চালন করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান নিহতদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বলেন, অসাম্প্রদায়িক চেতনা এবং নৈতিক ও মানবিক মূল্যবোধে উদ্বুদ্ধ হয়ে সেদিন ধর্ম-বর্ণ নির্বিশেষে সকল শ্রেণী-পেশার মানুষ হতাহতদের পাশে দাঁড়িয়েছিল এবং উদ্ধার কাজে অংশ নিয়েছিল। উপাচার্য এ ধরনের দুর্ঘটনার পুনরাবৃত্তি রোধে সকলকে সচেতন থাকার আহ্বান জানিয়ে বলেন, আমাদের দায়িত্বের জায়গাটি জাগ্রত রাখতে হবে এবং নিজ নিজ অবস্থানে দায়িত্বের প্রতি সবসময় যত্নশীল থাকতে হবে। মানবিক মূল্যবোধ ও অসাম্প্রদায়িক চেতনা আমরা যেন হারিয়ে না ফেলি সেদিকে সবসময় খেয়াল রাখতে হবে।

উপাচার্য আরও বলেন, সচেতনতা ও সাবধানতা অবলম্বনের মাধ্যমে অনেক দুর্ঘটনা এড়ানো সম্ভব। ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিক্ষার গুণগত মান নিশ্চিত করা এবং মাস্টারপ্ল্যানের মাধ্যমে পরিকল্পিতভাবে ভবন নির্মাণ করার কার্যকরি পদক্ষেপ নেয়া হয়েছে বলে উপাচার্য উল্লেখ করেন।

দিবসটি উপলক্ষ্যে জগন্নাথ হল প্রাঙ্গণে হিন্দু, বৌদ্ধ ও খ্রিস্টান ধর্মাবলম্বীদের প্রার্থনা সভা অনুষ্ঠিত হয়। জগন্নাথ হল প্রাঙ্গণে দিনব্যাপী নিহতদের তৈলচিত্র ও তৎসম্পর্কিত দ্রব্যাদি প্রদর্শন এবং রক্তদান কর্মসূচির আয়োজন করা হয়। বাদ আছর নিহতদের আত্মার শান্তির জন্য বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় মসজিদসহ সকল হল মসজিদে মোনাজাত করা হয়। সন্ধ্যায় জগন্নাথ হল উপাসনালয়ে কবিতা আবৃত্তি, ভক্তিমূলক গান ও শোক সঙ্গীতের আয়োজন করা হয়। এছাড়া, 'অক্টোবর স্মৃতি রচনা প্রতিযোগিতা' ও 'অক্টোবর স্মৃতি চিত্রাঙ্কন প্রতিযোগিতা' আয়োজন করা হয়।

আবাসিক শিক্ষার্থীদের সমস্যা জানতে উপাচার্যের হল পরিদর্শন

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ২৭ অক্টোবর ২০১৯ রাতে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন আবাসিক হল পরিদর্শন করেছেন। শিক্ষার্থীদের খোঁজ খবর নিতে উপাচার্য বিভিন্ন হলের গণরুমে যান এবং তাদের সঙ্গে মতবিনিময় করেন।

এসময় উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার পর থেকে ক্রমান্বয়ে শিক্ষার্থী সংখ্যা বেড়েছে। তবে সে অনুপাতে আবাসন সুবিধা বাড়েনি। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আবাসন সংকট নিরসনসহ শিক্ষার্থীদের বিভিন্ন সমস্যা সমাধানে আন্তরিকভাবে কাজ করছে। উপাচার্য হলসমূহে খাবারের মান উন্নয়ন এবং লেখাপড়ার সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করার উপর গুরুত্বারোপ করেন। এ বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য তিনি হল প্রশাসনের প্রতি আহ্বান জানান।

'ঘ' ইউনিটের ভর্তি পরীক্ষার ফল প্রকাশ

ঢাকা বিশ্ববিদ্যালয় ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত 'ঘ' ইউনিটের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি পরীক্ষার ফল আজ ২৯ অক্টোবর ২০১৯ মঙ্গলবার প্রকাশিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রশাসনিক ভবনস্থ কেন্দ্রীয় ভর্তি অফিসে আনুষ্ঠানিকভাবে এই ফল প্রকাশ করেন। এসময় সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন ও ঘ-ইউনিট ভর্তি পরীক্ষার সমন্বয়কারী অধ্যাপক ড. সাদেকা হালিম, অনলাইন ভর্তি কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. সুব্রত কুমার আদিত্য এবং বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

ঘ-ইউনিটের ভর্তি পরীক্ষায় ৮৪,১৭৭জন শিক্ষার্থী অংশগ্রহণ করে। এর মধ্যে ১১,১৫৮জন শিক্ষার্থী উত্তীর্ণ হয়েছে। পাশের হার ১৩.২৬%। পরীক্ষার বিস্তারিত ফলাফল admission.eis.du.ac.bd ওয়েবসাইটে জানা যাবে। এছাড়া, যে কোন অপারেটরের মোবাইল ফোন থেকে DU GHA <roll no> টাইপ করে ১৬৩২১ নম্বরে send করে ফিরতি (৪র্থ পৃষ্ঠায় দেখুন)

দুই অসচ্ছল মেধাবী শিক্ষার্থীর লেখাপড়ার দায়িত্ব নিল ঢাবি কর্তৃপক্ষ

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০১৯-২০ শিক্ষাবর্ষে ভর্তির সুযোগ পাওয়া দুই অসচ্ছল মেধাবী শিক্ষার্থী আসমা খাতুন এবং মো. সিয়ামের পড়াশুনার দায়িত্ব নিয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

'খ' ইউনিটের ভর্তি পরীক্ষায় আসমা খাতুন ৩৬৮তম এবং মো. সিয়াম ৭৮৯তম মেধাস্থান অধিকার করেছেন। আসমার বাড়ি পঞ্চগড়ের তেঁতুলিয়া উপজেলার শালবাহান ইউনিয়নে। অন্যদিকে মো. সিয়ামের বাড়ি চাঁদপুরের মতলব দক্ষিণ উপজেলার মতলব পৌরসভার চরনিলক্ষ্মী গ্রামে।

উল্লেখ্য, গত ২৬ অক্টোবর ২০১৯ তারিখে দৈনিক প্রথম আলো পত্রিকায় 'ঢাবিতে সুযোগ পেয়েও ভর্তি অনিশ্চিত' শিরোনামে একটি প্রতিবেদন প্রকাশের পর বিষয়টি ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নজরে আসে। এরপর ঢাকা বিশ্ববিদ্যালয়ে তাদের ভর্তি ও পড়াশুনার দায়িত্ব নেয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

'ক' ইউনিটের ভর্তি পরীক্ষার ফল প্রকাশ

ঢাকা বিশ্ববিদ্যালয় ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে বিজ্ঞান অনুষদভুক্ত ক-ইউনিটের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি পরীক্ষার সংশোধিত ফলাফল গত ২৭ অক্টোবর ২০১৯ প্রকাশিত হয়েছে।

ক-ইউনিটের ভর্তি পরীক্ষায় ৮৫হাজার ৮শ' ৭৯ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে। এর মধ্যে ১৩হাজার ৬শ' ৮৫জন শিক্ষার্থী উত্তীর্ণ হয়েছে। পাশের হার ১৫ দশমিক ৯৩ ভাগ।

পরীক্ষার বিস্তারিত ফলাফল admission.eis.du.ac.bd ওয়েবসাইটে জানা যাবে। এছাড়া, যে কোন অপারেটরের মোবাইল ফোন থেকে DU KA <roll no> টাইপ করে ১৬৩২১ নম্বরে send করে ফিরতি SMS-এ ফলাফল জানা যাবে।

উল্লেখ্য, গত ২০ সেপ্টেম্বর ২০১৯ শুক্রবার ক-ইউনিটের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। বিজ্ঞান অনুষদের অধীন ক-ইউনিটে মোট আসন সংখ্যা রয়েছে ১হাজার ৭শ' ৯৫টি।

ক-ইউনিটের ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের আগামী ২৮ অক্টোবর থেকে ১১ নভেম্বর পর্যন্ত নির্ধারিত ওয়েবসাইট থেকে বিস্তারিত ফরম ও বিষয়ের পছন্দক্রম ফরম পূরণ করতে হবে। বিভিন্ন কোটায় আবেদনকারী উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের কোটার ফরম ২৮ অক্টোবর থেকে ০৩ নভেম্বরের মধ্যে বিজ্ঞান অনুষদের ডিন অফিস থেকে সংগ্রহ করতে হবে এবং যথাযথভাবে পূরণ করে একই অফিসে জমা দিতে হবে। ফলাফল নিরীক্ষণের জন্য নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে আগামী ২৮ অক্টোবর থেকে ০৩ নভেম্বরের মধ্যে বিজ্ঞান অনুষদের ডিন অফিসে আবেদন করা যাবে।

বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ‘জোবাইক’-এর যাত্রা শুরু

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অ্যাপভিত্তিক সাইকেল সেবা ‘জোবাইক’-এর আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ১৬ অক্টোবর ২০১৯ টিএসসি চত্বরে আনুষ্ঠানিকভাবে জোবাইক কর্মসূচির উদ্বোধন করেন। ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু)-এর উদ্যোগে ক্যাম্পাসে অ্যাপভিত্তিক এই সাইকেল সেবা কর্মসূচি চালু হলো।

ডাকসুর ছাত্র পরিবহন সম্পাদক শামস্ ঈ নোমান-এর সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। ডাকসু’র ভিপি নুরুল হক নুর, জিএস গোলাম রব্বানীসহ ডাকসু’র নেতৃবৃন্দ অনুষ্ঠানে বক্তব্য রাখেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, ক্যাম্পাসে পরিবহন খাতের উন্নয়নে ‘জোবাইক’ কর্মসূচি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। ‘জোবাইক’ ব্যবহারের মাধ্যমে শিক্ষার্থীদের সময় সাশ্রয় হবে এবং পরিবহন ব্যয় কমবে বলে তিনি আশা প্রকাশ করেন।

শেখ রাসেলের ৫৫তম জন্মবার্ষিকী পালন

ইউনিভার্সিটি ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ এবং ইউনিভার্সিটি ল্যাবরেটরি এক্স-স্টুডেন্টস এসোসিয়েশন (ইউলেসা) -এর যৌথ উদ্যোগে গত ১৭ অক্টোবর ২০১৯ বিদ্যালয় মিলনায়তনে শেখ রাসেলের ৫৫তম জন্মবার্ষিকী পালন উপলক্ষ্যে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

ইউনিভার্সিটি ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মিসেস সেলিনা বানুর সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক সৈয়দা তাহমিনা আখতার, বিশিষ্ট সাহিত্যিক-সাংবাদিক আনিসুল হক, বিদ্যালয়ের উপাধ্যক্ষ সেলিনা আক্তার, ইউলেসা’র সভাপতি নাইম আহমেদ খান ও সাধারণ সম্পাদক আনিসুর রহমান সরকার লিটু বক্তব্য রাখেন।

আলোচনা সভায় বক্তারা বলেন, ১৯৭৫ সালের ১৫ আগস্টের ঘটনার ঘাতকরা দেশের ইতিহাসের চলার পথ স্তব্ধ করে দিতে চেয়েছিল। সেই দিন তাদের থাবা থেকে রেহাই পায়নি এই স্কুলের ৪র্থ শ্রেণির ছাত্র শেখ রাসেলও। রাসেল ছিল একজন বিনয়ী, মেধাবী, পরিশ্রমী ও নিয়মানুবর্তী ছাত্র এবং শিশু-কিশোরদের জন্য আদর্শ। তার পদচারণায় ধন্য হয়েছে এই বিদ্যালয়ের মাটি। শেখ রাসেল মানে গতি, থেমে না থাকার স্বপ্ন। আমাদের অন্তরে, চলার পথে আর অপার সম্ভাবনায় রাসেল আজও বেঁচে আছে। সেই সম্ভাবনাকে বাস্তবায়ন করতে হবে বর্তমান প্রজন্মকে।

আন্তঃবিশ্ববিদ্যালয় হ্যান্ডবল প্রতিযোগিতা শুরু

আন্তঃবিশ্ববিদ্যালয় হ্যান্ডবল (ছাত্র-ছাত্রী) প্রতিযোগিতা গত ২৭ অক্টোবর ২০১৯ ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে উদ্বোধন করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) এবং ঢাবি স্পোর্টস বোর্ডের সভাপতি অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয় হ্যান্ডবল কমিটির সভাপতি অধ্যাপক ড. গোবিন্দ চক্রবর্ত্তী, শারীরিক শিক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত পরিচালক মো. শাহজাহান আলী, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ এবং শারীরিক শিক্ষা কেন্দ্রের কর্মকর্তাগণ ।

উল্লেখ্য, ৫ দিনব্যাপী এই প্রতিযোগিতায় ঢাকা বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, ইসলামী বিশ্ববিদ্যালয় এবং বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ অংশগ্রহণ করছে।

অধ্যাপক ড. এম এ মালেককে সেন্টার ফর এ্যাডভান্সড রিসার্চ ইন সায়েন্সেস-এর পরিচালক নিয়োগ

অধ্যাপক ড. এম এ মালেক

ঢাকা বিশ্ববিদ্যালয় অণুজীব বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. এম এ মালেককে বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর এ্যাডভান্সড রিসার্চ ইন সায়েন্সেস-এর পরিচালক হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান তাকে তিন বছরের জন্য এই নিয়োগ প্রদান করেন।

উল্লেখ্য, অধ্যাপক ড. এম এ মালেক ১৯৮৬ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় অণুজীব বিজ্ঞান বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেন। তিনি ১৯৯৫ সালে সহকারী অধ্যাপক, ১৯৯৭ সালে সহযোগী অধ্যাপক এবং ২০০৩ সালে অধ্যাপক পদে পদোন্নতি লাভ করেন। অধ্যাপক এম এ মালেক ১৯৯৫ সালে কমনওয়েলথ্ স্কলারশিপ নিয়ে যুক্তরাজ্য থেকে পিএইচডি ডিগ্রি অর্জন করেন। ঢাকা বিশ্ববিদ্যালয় জীববিজ্ঞান অনুষদের ডিন এবং শহীদুল্লাহ্ হল ও অমর একুশে হলের প্রাধ্যক্ষ হিসেবে তিনি দায়িত্ব পালন করেন। এছাড়া, তিনি অণুজীব বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান, ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগের চেয়ারম্যান, ঢাবি একাডেমিক কাউন্সিল সদস্য, সিনেট সদস্য ও অধিভুক্ত বিভিন্ন মেডিকেল কলেজের গভর্নিং বোর্ডের সদস্য হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি ২০১৫ সাল থেকে ২০১৭ সাল পর্যন্ত বাংলাদেশ ফুড সেফটি অথোরিটি (বিএফএসএ)-এর সদস্য ছিলেন। বাংলাদেশ অণুজীব বিজ্ঞান সমিতির সাধারণ সম্পাদক ও সভাপতি হিসেবেও তিনি দায়িত্ব পালন করেন। দেশ-বিদেশের বিভিন্ন সায়েন্টিফিক জার্নালে তাঁর অর্ধশতাধিক গবেষণা প্রবন্ধ প্রকাশিত হয়েছে।

‘চ’ ইউনিটের ভর্তি পরীক্ষার ফল প্রকাশ

ঢাকা বিশ্ববিদ্যালয় ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে চারুকলা অনুষদভুক্ত চ-ইউনিটের ১ম বর্ষ বিএফএ (সম্মান) শ্রেণির ভর্তি পরীক্ষার ফল গত ২০ অক্টোবর ২০১৯ প্রকাশিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রশাসনিক ভবনস্থ কেন্দ্রীয় ভর্তি অফিসে আনুষ্ঠানিকভাবে এই ফল প্রকাশ করেন। এসময় চারুকলা অনুষদের ডিন ও চ-ইউনিট ভর্তি পরীক্ষার সমন্বয়কারী অধ্যাপক নিসার হোসেন, অনলাইন ভর্তি কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. সুব্রত কুমার আদিত্য, জনসংযোগ দফতরের পরিচালক মাহমুদ আলম এবং বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

চ-ইউনিটের অঙ্কন পরীক্ষায় ১২শ’ ০২জন শিক্ষার্থী অংশগ্রহণ করে। এর মধ্যে ৩শ’ ৪৩জন শিক্ষার্থী উত্তীর্ণ হয়েছে। পাশের হার ২৮দশমিক ৫৩ ভাগ।

পরীক্ষার বিস্তারিত ফলাফল admission.eis.du.ac.bd ওয়েবসাইটে জানা যাবে। এছাড়া, যে কোন অপারেটরের মোবাইল ফোন থেকে DU CHA <roll no> টাইপ করে ১৬৩২১ নম্বরে send করে ফিরতি SMS-এ সংশ্লিষ্ট ইউনিটের ফলাফল জানা যাবে।

উল্লেখ্য, চ-ইউনিটের অঙ্কন পরীক্ষা ২৮ সেপ্টেম্বর ২০১৯ তারিখে অনুষ্ঠিত হয়। চারুকলা অনুষদের অধীন চ-ইউনিটের আসন সংখ্যা ১শ’ ৩৫টি।

ছাত্রী ও অভিভাবকদের জন্য তথ্য-প্রযুক্তি বিষয়ে সচেতনতামূলক কর্মশালা

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র-সংসদ (ডাকসু) এবং এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের সহযোগিতায় ঢাকা বিশ্ববিদ্যালয় তথ্য প্রযুক্তি ইনস্টিটিউট (আইআইটি)-এর উদ্যোগে একাদশ-দ্বাদশ শ্রেণীর ছাত্রী এবং তাদের অভিভাবকদের জন্য তথ্য-প্রযুক্তি বিষয়ক দিনব্যাপী সচেতনতামূলক এক কর্মশালা গত ১৮ অক্টোবর ২০১৯ টিএসসি মিলনায়তনে অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই কর্মশালার আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

আইআইটি’র অধ্যাপক ড. কাজী মুহাইমিন-আস-সাকিবের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের সাউথ এশিয়া রিজিওনাল ডিপার্টমেন্টের সোশ্যাল সেক্টর স্পেশালিস্ট মি. রায়োটেরো হায়াশি, আইআইটি’র পরিচালক অধ্যাপক ড. মো. শরীফুল ইসলাম, ডাকসু’র বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক মো. আরিফ ইবনে আলী এবং আইআইটি সফটওয়্যার ইঞ্জিনিয়ার্স কমিউনিটির সভাপতি মো. শায়খ শিহাব উদ্দীন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথির বক্তব্যে বলেন, আজকের এই কর্মশালার চরিত্র ও বৈশিষ্ট্য ব্যতিক্রমধর্মী। তথ্য প্রযুক্তি খাতে লিঙ্গ সমতা নিশ্চিত করার লক্ষ্যে এতে দেশের বিভিন্ন কলেজের ছাত্রী ও তাদের অভিভাবকরা অংশ নিচ্ছেন। এর ফলে ছাত্রীরা লেখাপড়া ও কর্মক্ষেত্রে সাহসী হওয়ার সুযোগ পাবে এবং অধিকমাত্রায় শক্তি ও উৎসাহ লাভ করবে।

উপাচার্য আইটি ক্ষেত্রে মেয়েদের এগিয়ে আসার আহ্বান জানিয়ে বলেন, দেশ ও জাতির সামগ্রিক উন্নয়নে আইটিসহ সকল সেক্টরে নারীদের সম্পৃক্ত করে সবসময় ভিন্ন কিছু করার প্রয়াস নিতে হবে। সমাজের চাহিদা মোতাবেক আমাদের দক্ষ নারী গ্রাজুয়েট তৈরি করতে হবে। তিনি বলেন, শিক্ষার্থীদের বাবা-মা ও শিক্ষকরা হচ্ছেন সবসময় নিরাপদ ও আস্থার জায়গা। তাদের সাথে যে কোন সমস্যা নিয়ে আলোচনা করে সমস্যার সমাধান ও অসম্মানজনক পরিস্থিতি মোকাবেলা করতে শিক্ষার্থীদের প্রতি উপাচার্য আহ্বান জানান।

উল্লেখ্য, ঢাকার বিভিন্ন কলেজ থেকে ৫০ জন এবং ঢাকার বাইরের কলেজ থেকে ৩৫ জন শিক্ষার্থী ও তাদের সাথে ১ জন করে অভিভাবক দিনব্যাপী এই কর্মশালায় অংশ নেন।

কর্মশালায় বিভিন্ন সেশনে বক্তব্য রাখেন রোবোটিক্স ও মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. লাফিফা জামাল, তথ্য প্রযুক্তি ইনস্টিটিউটের অধ্যাপক ড. জেরিনা বেগম, সহযোগী অধ্যাপক ড. নওশিন নাওয়ার ও সহকারী অধ্যাপক মো. সাঈদ সিদ্দিক, ঢাকা মেট্রোপলিটান পুলিশের ডিটেকটিভ ব্রাঞ্চের এডিসি মাহমুদা আফরোজ লাকী এবং এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের সিনিয়র সোশ্যাল ডেভেলপমেন্ট এন্ড জেন্ডার স্পেশালিস্ট নাশীবা সেলিম।

নিওরোসায়েন্স গবেষণা বিষয়ক দিনব্যাপী সিম্পোজিয়াম

ঢাকা বিশ্ববিদ্যালয় নিওরোসায়েন্স রিসার্চ সেন্টারের উদ্যোগে “Neuroscience Research: Bangladesh Perspective” শীর্ষক দিনব্যাপী এক সিম্পোজিয়াম গত ১৯ অক্টোবর ২০১৯ অধ্যাপক কামালুদ্দীন আহমদ লেকচার গ্যালারীতে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই সিম্পোজিয়াম উদ্বোধন করেন। প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগের সহযোগিতায় এই সিম্পোজিয়াম আয়োজন করা হয়।

নিওরোসায়েন্স রিসার্চ সেন্টারের পরিচালক অধ্যাপক ড. মো. খলিলুর রহমানের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে চিকিৎসা অনুষদের ডিন অধ্যাপক ড. খান আবুল কালাম আজাদ এবং প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. জেবা ইসলাম সেরাজ বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। আইসিডিডিআরবি’র বিজ্ঞানী ড. বদরুল ইসলাম নির্ধারিত আলোচক হিসেবে বক্তব্য রাখেন। সিম্পোজিয়াম আয়োজক কমিটির সম্পাদক অধ্যাপক ড. শামীমা নাসরিন শাহেদ অনুষ্ঠান সঞ্চালন করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান দেশে স্নায়ুরোগ প্রতিরোধের লক্ষ্যে স্নায়ুবিদ, গবেষক, প্রাণরসায়নবিদ এবং সংশ্লিষ্ট পেশাজীবীদের সমন্বিত গবেষণা কার্যক্রম পরিচালনার উপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, দেশের বিপুল সংখ্যক মানুষ স্নায়ুরোগে ভুগছেন। মস্তিষ্কজনিত এই রোগের চিকিৎসার মান অবশ্যই বাড়াতে হবে। স্থিতিশীল ও শান্তিপূর্ণ সমাজ গঠনে তিনি মানসিক স্বাস্থ্য সুরক্ষার উপর গুরুত্বারোপ করেন।

উল্লেখ্য, দেশের বিশিষ্ট শিক্ষাবিদ, গবেষক ও স্নায়ুবিদগণ এই সিম্পোজিয়ামে অংশগ্রহণ করেন।

উপাচার্যের সাথে বিদেশী অতিথিদের সাক্ষাৎ

যুক্তরাজ্যের প্রতিনিধিদল

যুক্তরাজ্যের এডুক্যান ইন্টারন্যাশনাল লিমিটেডের আন্তর্জাতিক উপদেষ্টা ড. ডেভিড জন ডেভিস-এর নেতৃত্বে ২-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ২২ অক্টোবর ২০১৯ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে। প্রতিনিধি দলের অন্য সদস্য হলেন যুক্তরাজ্যের হ্যালিবুরি স্কুলের আন্তর্জাতিক পরিচালক পল ডেভিড ওয়াটকিনসন। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ড. এস এম এ ফায়েজ উপস্থিত ছিলেন।

বৈঠককালে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংক্ষিপ্ত ইতিহাস এবং এর শিক্ষা ও গবেষণা কার্যক্রম সম্পর্কে প্রতিনিধি দলকে অবহিত করেন। তিনি বলেন, ২০২১ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শতবার্ষিক উৎসব উদ্‌যাপিত হবে। এ উপলক্ষ্যে লন্ডনে একটি বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হবে। লন্ডনে অনুষ্ঠান আয়োজনের ব্যাপারে উপাচার্য যুক্তরাজ্য প্রতিনিধি দলের সহযোগিতা চান। প্রতিনিধি দলের সদস্যরা এ ক্ষেত্রে সম্ভাব্য সকল সহযোগিতার আশ্বাস দেন।

উল্লেখ্য, যুক্তরাজ্যের এই প্রতিনিধি দল ময়মনসিংহে "ইন্টারন্যাশনাল স্কুল অব ভালুকা" শীর্ষক এক প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ সফর করে।

সাইপ্রাস ইউনিভার্সিটি রেক্টর

সাইপ্রাস সোস্যাল সায়েন্সেস ইউনিভার্সিটির রেক্টর অধ্যাপক ড. মুস্তফা তুমের গত ২৮ অক্টোবর ২০১৯ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন। তুরস্কের ইন্টারন্যাশনাল জার্নাল অব এন্ট্রাপ্রিনিউরশিপ এন্ড ম্যানেজমেন্ট ইনকুয়ারিজ-এর সম্পাদক অধ্যাপক ড. হিম্মেত কেরাডাল এবং মার্দিন আরতুকলো ইউনিভার্সিটির অধ্যাপক ড. অসীম সালদামলি এসময় তার সঙ্গে ছিলেন। অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয় বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের অধ্যাপক ড. মো. অহিদুজ্জামান উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং তুরস্ক ও সাইপ্রাসের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মধ্যে যৌথ সহযোগিতামূলক শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন।

উল্লেখ্য, এই প্রতিনিধি দলের সদস্যরা ঢাকা বিশ্ববিদ্যালয় বিজনেস স্টাডিজ অনুষদ আয়োজিত 'বিজনেস এন্ড ইকোনমিকস' শীর্ষক দু'দিনব্যাপী আন্তর্জাতিক সম্মেলনে অংশ নিতে বাংলাদেশ সফর করে।

ভিয়েতনামের রাষ্ট্রদূত

বাংলাদেশে নিযুক্ত ভিয়েতনামের রাষ্ট্রদূত ট্রান ভান খোয়া গত ২৫ অক্টোবর ২০১৯ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সাথে তাঁর বাসভবনস্থ কার্যালয়ে সাক্ষাৎ করেন। এসময় রাষ্ট্রদূতের সহধর্মিনী ফাম থি মিন দিয়েপ উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তাঁরা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ভিয়েতনামের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মধ্যে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম গ্রহণের সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। তাঁরা উভয় দেশের মধ্যে দীর্ঘকাল যাবৎ চমৎকার বন্ধুত্বপূর্ণ সম্পর্ক বিরাজ করায় সন্তোষ প্রকাশ করেন। এসময় উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান রাষ্ট্রদূতকে সংক্ষিপ্তভাবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস ও শিক্ষা কার্যক্রম সম্পর্কে অবহিত করেন।

অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর সাথে যৌথ সহযোগিতামূলক শিক্ষা ও গবেষণা কার্যক্রম গ্রহণের ব্যাপারে আগ্রহ প্রকাশ করায় ভিয়েতনামের রাষ্ট্রদূতকে আন্তরিক ধন্যবাদ জানান।

আলীগড় মুসলিম বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক

ভারতের আলীগড় মুসলিম বিশ্ববিদ্যালয়ের সাবেক অধ্যাপক ও বিশিষ্ট ইতিহাসবিদ ড. সৈয়দ লিয়াকত হুসেইন মোয়িনি এবং তাঁর সহধর্মিনী ড. নুজহাত মোয়িনি গত ১৭ অক্টোবর ২০১৯ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় দর্শন বিভাগের অধ্যাপক ড. শাহ্ কাওসার মুস্তাফা আবুলউলায়ী এবং জনসংযোগ দফতরের পরিচালক মাহমুদ আলম উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তাঁরা শুভেচ্ছা ও কুশলাদি বিনিময় করেন। এসময় তাঁরা ভারতের ঐতিহ্যবাহী আলীগড় মুসলিম বিশ্ববিদ্যালয় সম্পর্কে মতবিনিময় ও স্মৃতিচারণ করেন। তাঁরা উভয়েই আলীগড় মুসলিম বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রি অর্জন করেন এবং উক্ত বিশ্ববিদ্যালয়ের গর্বিত অ্যালামনাই। ঢাকা বিশ্ববিদ্যালয় এবং আলীগড় মুসলিম বিশ্ববিদালয়ের মধ্যে চলমান যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম নিয়েও তাঁরা মতবিনিময় করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং তাঁর সাথে সৌজন্য সাক্ষাৎ করায় অধ্যাপক ড. সৈয়দ লিয়াকত হুসেইন মোয়িনি এবং তাঁর সহধর্মিনী ড. নুজহাত মোয়িনিকে আন্তরিক ধন্যবাদ জানান।

যুক্তরাজ্যের এডুক্যান ইন্টারন্যাশনাল লিমিটেডের আন্তর্জাতিক উপদেষ্টা ড. ডেভিড জন ডেভিস-এর নেতৃত্বে ২-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ২২ অক্টোবর ২০১৯ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে।

সাইপ্রাস সোস্যাল সায়েন্সেস ইউনিভার্সিটির রেক্টর অধ্যাপক ড. মুস্তফা তুমের গত ২৮ অক্টোবর ২০১৯ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন। তুরস্কের ইন্টারন্যাশনাল জার্নাল অব এন্ট্রাপ্রিনিউরশীপ এন্ড ম্যানেজমেন্ট ইনকুয়ারিজ-এর সম্পাদক অধ্যাপক ড. হিম্মেত কেরাডাল এবং মার্দিন আরতুকলো ইউনিভার্সিটির অধ্যাপক ড. অসীম সালদামলি এসময় তাঁর সঙ্গে ছিলেন।

বাংলাদেশে নিযুক্ত ভিয়েতনামের রাষ্ট্রদূত ট্রান ভান খোয়া গত ২৫ অক্টোবর ২০১৯ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সাথে তাঁর বাসভবনস্থ কার্যালয়ে সাক্ষাৎ করেন। এসময় রাষ্ট্রদূতের সহধর্মিনী ফাম থি মিন দিয়েপ উপস্থিত ছিলেন।

ভারতের আলীগড় মুসলিম বিশ্ববিদ্যালয়ের সাবেক অধ্যাপক ও বিশিষ্ট ইতিহাসবিদ ড. সৈয়দ লিয়াকত হুসেইন মোয়িনি এবং তাঁর সহধর্মিনী ড. নুজহাত মোয়িনি গত ১৭ অক্টোবর ২০১৯ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।

ঢাকাস্থ তার্কিশ এয়ারলাইন্সের জেনারেল ম্যানেজার মি. ইমরাহ্ কারাকা এবং তুর্কি সহযোগিতা ও সমন্বয় সংস্থার কো-অর্ডিনেটর ড. ইসমাইল গুনদৌদু গত ১৭ অক্টোবর ২০১৯ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।

হোসেন জামাল মেমোরিয়াল ট্রাস্ট ফান্ড গঠন

ঢাকা বিশ্ববিদ্যালয়ে "হোসেন জামাল মেমোরিয়াল ট্রাস্ট ফান্ড" শীর্ষক নতুন একটি ট্রাস্ট ফান্ড গঠন করা হয়েছে। এই ট্রাস্ট ফান্ড গঠনের লক্ষ্যে প্রয়াত হোসেন জামালের মেয়ে এবং ঢাকা বিশ্ববিদ্যালয় রোবটিক্স এন্ড মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. লাফিফা জামাল ১০ লাখ টাকার একটি চেক গত ২৩ অক্টোবর ২০১৯ বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীনের কাছে হস্তান্তর করেন।

উপাচার্য দফতরে আয়োজিত এই চেক হস্তান্তর অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন, রোবটিক্স এন্ড মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান ড. শামীম আহমেদ দেওয়ান, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো: এনামউজ্জামান এবং প্রয়াত হোসেন জামালের সহধর্মিনী মীনা হোসেন উপস্থিত ছিলেন।

এই ট্রাস্ট ফান্ডের আয় থেকে প্রতিবছর ঢাকা বিশ্ববিদ্যালয় ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ এবং অর্থনীতি বিভাগের স্নাতক সম্মান পরীক্ষায় সর্বোচ্চ সিজিপিএ অর্জনকারী একজন শিক্ষার্থীকে 'হোসেন জামাল মেমোরিয়াল স্বর্ণপদক' প্রদান করা হবে।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান এই অনুদানের জন্য দাতাকে ধন্যবাদ জানান এবং প্রয়াত হোসেন জামালের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন।

উল্লেখ্য, হোসেন জামাল ১৯৪৫ সালের ২৫ অক্টোবর নারায়ণগঞ্জে জন্মগ্রহণ করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ থেকে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রি লাভ করেন। তার সাবসিডিয়ারি বিষয় ছিল রাষ্ট্রবিজ্ঞান ও অর্থনীতি। ১৯৭৬ সালের ৭ সেপ্টেম্বর মাত্র ৩১ বছর বয়সে তিনি ইন্তেকাল করেন।

জাতীয় পরিবেশ অলিম্পিয়াড সমাপ্ত

ঢাকা বিশ্ববিদ্যালয় ভূগোল ও পরিবেশ বিভাগের উদ্যোগে দু'দিনব্যাপী জাতীয় পরিবেশ অলিম্পিয়াড গত ২৬ অক্টোবর ২০১৯ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে শেষ হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে অলিম্পিয়াডে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় ভূগোল ও পরিবেশ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. রেজওয়ান হোসেন ভূইয়ার সভাপতিত্বে অনুষ্ঠানে আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদের ডিন অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল ও প্রবীণ অধ্যাপক ড. এ কিউ এম মাহবুব বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। এছাড়া অধ্যাপক ড. নুরুল ইসলাম নাজেম, অধ্যাপক ড. হাফিজা খাতুন ও অধ্যাপক নাজমুন নাহার অনুষ্ঠানে বক্তৃতা করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান পরিবেশ বিষয়ে জনসচেতনতা সৃষ্টির ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালনের জন্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। জাতীয় পরিবেশ অলিম্পিয়াড আয়োজনের জন্য তিনি আয়োজকদের ধন্যবাদ দেন। পরিবেশ দূষণ রোধে এই অলিম্পিয়াড কার্যকর ভূমিকা রাখবে বলে তিনি আশা প্রকাশ করেন।

উল্লেখ্য, বিভিন্ন স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা এই অলিম্পিয়াডে অংশগ্রহণ করেন।

প্রধান রোভার স্কাউট লিডার হলেন মাহমুদুর রহমান

ঢাকা বিশ্ববিদ্যালয় ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের সহযোগী অধ্যাপক মাহমুদুর রহমান বিশ্ববিদ্যালয়ের রোভার স্কাউট গ্রুপের সম্পাদক ও প্রধান রোভার স্কাউট লিডার হিসেবে দায়িত্ব লাভ করেছেন। সম্প্রতি টিএসসিতে অনুষ্ঠিত আরএসএল মিটিং-এ তাকে এই দায়িত্ব প্রদান করা হয়।

মাহমুদুর রহমান স্কুল জীবন থেকেই স্কাউটিংয়ের সঙ্গে জড়িত। ২০০১ থেকে ২০০৫ সাল পর্যন্ত ছাত্রাবস্থায় তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপের সঙ্গে সম্পৃক্ত থেকে বিভিন্ন দায়িত্ব পালন করেন। ২০১০ সাল থেকে তিনি ঢাবি রোভার স্কাউট গ্রুপের আরএসএল ও ট্রেজারারসহ বিভিন্ন দায়িত্ব পালন করেন। বর্তমানে তিনি বাংলাদেশ স্কাউটসের জাতীয় উপ-কমিশনার হিসেবেও দায়িত্ব পালন করছেন। ২০১৭ সালে তিনি বাংলাদেশ স্কাউটস ঢাকা জেলার রোভার স্কাউট লিডার প্রতিনিধি নির্বাচিত হন। তিনি বাংলাদেশ স্কাউটস জাতীয় সদর দফতর থেকে ন্যাশনাল সার্ভিস এ্যাওয়ার্ড ও মেডেল অফ মেরিট এ্যাওয়ার্ড লাভ করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় মেডিকেল সেন্টারের দ্বিতীয় তলায় স্থাপিত 'বাঁধন ট্রান্সফিউশন সেন্টার' এর আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ২৪ অক্টোবর ২০১৯ এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই সেন্টারের উদ্বোধন করেন। বাঁধন ফাউন্ডেশনের চেয়ারম্যান মো: শাহিদুল ইসলাম রিপনের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বাঁধনের উপদেষ্টা অধ্যাপক ডা. মুন্সী এম. হাবিবুল্লাহ, স্পন্দন-বি বাংলাদেশের কান্ট্রি ডিরেক্টর মশিহ উর রহমান, আয়োজক কমিটির আহ্বায়ক এস এম কোরবান আলী ও বাঁধন ফাউন্ডেশনের সেক্রেটারি জেনারেল শাহাদাৎ হোসাইন তানভীর উপস্থিত ছিলেন।

জসীম উদ্‌দীন হলের ১ শিক্ষার্থীর স্বর্ণপদক ও ৫ শিক্ষার্থীর মেধাবৃত্তি লাভ

ঢাকা বিশ্ববিদ্যালয় কবি জসীম উদ্‌দীন হলের মেধাবী ১ জন শিক্ষার্থী 'কবি জসীম উদ্‌দীন হল ট্রাস্ট ফান্ড স্বর্ণপদক' ও ৫জন শিক্ষার্থী মেধাবৃত্তি লাভ করেছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ২২ অক্টোবর ২০১৯ হল মিলনায়তনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের হাতে স্বর্ণপদক ও বৃত্তির চেক তুলে দেন।

একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেম্‌স বিভাগের শিক্ষার্থী মো. সফিকুল ইসলাম স্বর্ণপদক লাভ করেছেন। মেধাবৃত্তি প্রাপ্তরা হলেন- ইসলামিক স্টাডিজ বিভাগের শরীফুল ইসলাম, নাট্যকলা বিভাগের মো. শামীম মিয়া, আরবী বিভাগের মুহাম্মদ জাহেদুল করিম মানিক এবং ইসলামিক স্টাডিজ বিভাগের আবুল হাসানাত ও মো. নাছির উদ্দিন।

হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মো. রহমত উল্লাহ'র সভাপতিত্বে অনুষ্ঠিত এতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ এবং ট্রাস্ট ফান্ডের সভাপতি ও বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন। অনুষ্ঠানে 'বঙ্গবন্ধু, মুক্তিযুদ্ধ ও জসীম উদ্‌দীনের পংক্তিমালা' শীর্ষক স্মারক বক্তৃতা প্রদান করেন রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. বিশ্বজিৎ ঘোষ। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন কবি জসীম উদ্‌দীন হল অ্যালামনাই এসোসিয়েশনের সভাপতি রেলপথ মন্ত্রণালয়ের সচিব মো. মোফাজ্জেল হোসেন এবং হলের আবাসিক শিক্ষক অধ্যাপক ড. মো. মাহমুদুল ইসলাম।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের অভিনন্দন জানিয়ে বলেন, স্বচ্ছতা, সময়ানুবর্তিতা ও নৈতিক মূল্যবোধ সম্পন্ন সুস্থ চিন্তার মানুষ হয়ে সমাজের উন্নয়নে তোমাদের কাজ করতে হবে। অসাম্প্রদায়িক বাঙালী জাতীয়তাবাদে উদ্বুদ্ধ হতে হলে একজন সুস্থ চিন্তার মানুষ হতে হবে।

স্মারক বক্তাকে ধন্যবাদ জানিয়ে উপাচার্য আরও বলেন, জসীম উদ্‌দীনকে আমরা পল্লী কবি হিসেবেই জানি, কিন্তু এই স্মারক বক্তৃতার মাধ্যমে কবি জসীম উদ্‌দীন এর সাথে বঙ্গবন্ধুর যে একটি সুসম্পর্ক ছিল সেটি বিশদভাবে জানা গেল। মহান মুক্তিযুদ্ধে কবি জসীম উদ্‌দীন তাঁর কবিতার মাধ্যমে মুক্তিযোদ্ধাদের যেভাবে উদ্বুদ্ধ করেছেন তা সুন্দর ভাবে বর্ননা করেছেন স্মারক বক্তা।

'ফাতেমা ইকবাল ট্রাস্ট ফান্ড বৃত্তি' পেলেন ১১জন শিক্ষার্থী

ঢাকা বিশ্ববিদ্যালয় শামসুন নাহার হলের ১১জন শিক্ষার্থীকে "ফাতেমা ইকবাল ট্রাস্ট ফান্ড বৃত্তি" প্রদান করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ২৭ অক্টোবর ২০১৯ হল মিলনায়তনে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ছাত্রীদের হাতে বৃত্তির চেক তুলে দেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রয়াত ফাতেমা ইকবালের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় গণতান্ত্রিক মূল্যবোধ চর্চার একটি জায়গা। শিক্ষক-শিক্ষার্থীর মধ্যে ঘনিষ্ঠ সম্পর্ক থাকা অত্যন্ত জরুরি। আদর্শগত দিক দিয়ে পরিবারের অভিভাবক ও শিক্ষকের মধ্যে মৌলিক কোন পার্থক্য নেই। একজন শিক্ষক হিসেবে শিক্ষার্থীর সঙ্গে আচরণ হতে হবে আন্তরিক ও বন্ধুত্বপূর্ণ। তেমনি প্রতিটি শিক্ষার্থীর উচিত শিক্ষকদের শ্রদ্ধা করা।

অনুষ্ঠানে শামসুন নাহার হলের প্রাধ্যক্ষ ও ট্রাস্ট ফান্ডের সদস্য-সচিব অধ্যাপক ড. সুপ্রিয়া সাহা, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের প্রাক্তন পরিচালক ও প্রয়াত ফাতেমা ইকবালের সতীর্থ অধ্যাপক সালমা আক্তার, জাতীয় রাজস্ব বোর্ডের যুগ্ম কর কমিশনার ড. নাশিদ রিজওয়ানা মনির, প্রিন্সিপ্যাল আবাসিক শিক্ষক সৈয়দা মমতাজ শিরিন, খণ্ডকালীন আবাসিক শিক্ষক তানজিনা হক, বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মো. এনামউজ্জামান, বিভিন্ন হলের প্রাধ্যক্ষ এবং হল সংসদের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা হলেন: ফাতেমা আক্তার (উর্দু), অনামিকা হক এ্যানি (নৃত্যকলা), সায়মা খানম (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি), আইরিন জাহান (রাষ্ট্রবিজ্ঞান), মাহফুজা আক্তার (লোক প্রশাসন), সৈয়দা সাইমুন জান্নাত প্রান্তি (প্রিন্টিং এন্ড পাবলিকেশন স্টাডিজ), কানিজ ফাতেমা (একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস), তাহমিনা আক্তার (ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস), ফরিদা ইয়াসমিন (ফলিত গণিত), মেহেবুবা মিসৌরী (আইন) এবং ফারিয়া বিনতে ফিরোজ (শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট)।

সৈয়দ ইমতিয়াজ আহমেদ স্মারক বৃত্তি পেলেন ২ শিক্ষার্থী

বিএসএস সম্মান পরীক্ষায় অসাধারণ ফলাফলের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের ২ জন মেধাবী শিক্ষার্থী 'সৈয়দ ইমতিয়াজ আহমেদ স্মারক বৃত্তি' লাভ করেছেন। বৃত্তিপ্রাপ্তরা হলেন- মানসুরা এমদাদ ও ইশরার হাবিব। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ২১ অক্টোবর ২০১৯ উপাচার্য কার্যালয় সংলগ্ন লাউঞ্জে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠানে আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. রাশেদ উজ জামান, অধ্যাপক ড. দেলোয়ার হোসেন, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো: এনামউজ্জামান এবং বিভাগীয় কয়েকজন শিক্ষক উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রয়াত সৈয়দ ইমতিয়াজ আহমেদ-এর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন। তিনি বলেন, সৈয়দ ইমতিয়াজ একজন মেধাবী শিক্ষার্থী, নিষ্ঠাবান শিক্ষক ও ভাল মানুষ ছিলেন।

উল্লেখ্য, সৈয়দ ইমতিয়াজ আহমেদ ঢাকা বিশ্ববিদ্যালয় আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের লেকচারার ছিলেন। ২০০৬ সালের ১ এপ্রিল মাত্র ৩৩ বছর বয়সে তিনি ইন্তেকাল করেন।

অধ্যাপক নাজমা বেগম ট্রাস্ট ফান্ড বৃত্তি পেলেন ৪ শিক্ষার্থী

ঢাকা বিশ্ববিদ্যালয় অর্থনীতি বিভাগের ৪জন মেধাবী শিক্ষার্থী 'অধ্যাপক নাজমা বেগম ট্রাস্ট ফান্ড বৃত্তি' লাভ করেছেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ২০ অক্টোবর ২০১৯ উপাচার্য লাউঞ্জে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠানে সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. সাদেকা হালিম, ট্রাস্ট ফান্ডের দাতা অধ্যাপক ড. নাজমা বেগম এবং ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো: এনামউজ্জামান উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান মেধাবী শিক্ষার্থী হওয়ার পাশাপাশি ভাল মানুষ হিসেবে গড়ে ওঠার জন্য ছাত্র-ছাত্রীদের প্রতি আহ্বান জানান। তিনি ট্রাস্ট ফান্ডের দাতাকে ধন্যবাদ দেন এবং বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের অভিনন্দন জানান।

বৃত্তিপ্রাপ্তরা হলেন - উম্মে খাইরুন সাদিয়া (পিয়ারা বানু বৃত্তি), বিদ্যানন্দ বিশ্বাস (এস. এম. ওয়াজিদ বৃত্তি), ইমরান হোসাইন (মোমেনা বেগম বৃত্তি) এবং মুনমুন আক্তার সেবা (আবুল হাসানাত মাহমুদ বৃত্তি)।

৪ কৃতী শিক্ষার্থী'র 'ড. মালিহা খাতুন-মুহাম্মদ নুরুল হুদা ট্রাস্ট ফান্ড বৃত্তি' লাভ

ঢাকা বিশ্ববিদ্যালয় রসায়ন বিভাগ এবং গণিত বিভাগের ৪ জন কৃতী শিক্ষার্থীকে 'ড. মালিহা খাতুন-মুহাম্মদ নুরুল হুদা ট্রাস্ট ফান্ড বৃত্তি' প্রদান করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ১৭ অক্টোবর ২০১৯ উপাচার্য কার্যালয় সংলগ্ন লাউঞ্জে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন।

এসময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. তোফায়েল আহমদ চৌধুরী, গণিত বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. অমল কৃষ্ণ হালদার, রসায়ন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. আজিজুর রহমান, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো: এনামউজ্জামান, প্রয়াত ড. মালিহা খাতুনের ছেলে সাবেক সচিব হুমায়ূন আক্তার কামাল এবং জামাতা সাবেক আইজিপি মুহাম্মদ নুরুল হুদা উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান নৈতিক মূল্যবোধসম্পন্ন মানুষ হিসেবে গড়ে উঠার জন্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, মানবকল্যাণের লক্ষ্যে শিক্ষার্থীদের নিরলসভাবে কাজ করতে হবে।

বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা হলেন- রসায়ন বিভাগের সামিন ইয়াসার ও অমৃত কুমার এবং গণিত বিভাগের সুখী আখতার ও মো. রিয়াজুল করিম সাকিব।

কারিকুলাম ডেভেলপমেন্ট কর্মশালা

ঢাকা বিশ্ববিদ্যালয় সেন্টার অফ এক্সিলেন্স ইন টিচিং এন্ড লার্নিং-এর উদ্যোগে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের নিয়ে 'কারিকুলাম ডেভেলপমেন্ট' শীর্ষক এক কর্মশালা গত ১৯ অক্টোবর ২০১৯ মুজাফফর আহমেদ চৌধুরী অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়েছে।

সেন্টারের পরিচালক অধ্যাপক ড. সাবিতা রিজওয়ানা রহমান কর্মশালায় স্বাগত বক্তব্য প্রদান করেন। কর্মশালায় আলোচক হিসেবে উপস্থিত ছিলেন কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. সুব্রত কুমার আদিত্য, অর্গ্যানাইজেশন স্ট্র্যাটেজি এন্ড লিডারশীপ বিভাগের অধ্যাপক ড. মুহাম্মাদ আব্দুল মঈন, ক্রিমিনোলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. জিয়া রহমান, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক সৈয়দা তাহমিনা আখতার ও অধ্যাপক ড. মাহবুব আহসান খান এবং সেন্টারের অতিরিক্ত পরিচালক ড. এ. টি. এম. সামছুজ্জোহা।

'ঘ' ইউনিটের ভর্তি পরীক্ষার ফল প্রকাশ

(১ম পৃষ্ঠার পর) SMS-এ ফলাফল জানা যাবে।

উল্লেখ্য, গত ২৭ সেপ্টেম্বর ২০১৯ শুক্রবার এই ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। সামাজিক বিজ্ঞান অনুষদের অধীন ঘ-ইউনিটে মোট আসন সংখ্যা রয়েছে ১,৫৬০টি।

ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের আগামী ৩১ অক্টোবর থেকে ১৪ নভেম্বর ২০১৯ পর্যন্ত ভর্তি পরীক্ষার ওয়েবসাইটে বিস্তারিত ফরম ও বিষয়ের পছন্দক্রম ফরম পূরণ করতে হবে। বিভিন্ন কোটায় আবেদনকারী উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের কোটার ফরম ০৩ নভেম্বর থেকে ১২ নভেম্বর ২০১৯ তারিখের মধ্যে সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অফিস থেকে সংগ্রহ করতে হবে এবং যথাযথভাবে পূরণ করে উক্ত সময়ের মধ্যে ডিন অফিসে জমা দিতে হবে। ফলাফল নিরীক্ষণের জন্য নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে আগামী ৩০ অক্টোবর থেকে ০৬ নভেম্বর ২০১৯ তারিখের মধ্যে সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অফিসে আবেদন করা যাবে।

সম্পাদক: মাহমুদ আলম, পরিচালক (জনসংযোগ), প্রধান প্রতিবেদক: মোঃ রফিকুল ইসলাম পান্না, প্রতিবেদক: তাওহিদা খানম তাসমিন ও মো: আবু বকর সিদ্দিক, সম্পাদনা সহকারী: নুরুন্নাহার বেগম এবং মোঃ নজরুল ইসলাম
ফটো সাংবাদিক: আনোয়ার মজুমদার, মোঃ জাকির হোসেন ও শুভাশীষ রঞ্জন সরকার। জনসংযোগ দফতর কর্তৃক প্রকাশিত এবং গ্র্যাফোসম্যান রিপ্রোডাকশন এন্ড প্রিন্টিং লি., ঢাকা কর্তৃক মুদ্রিত। ফোন: ৯৬৬১৯০০-৫৯/৪১০০, ০১৭৫৮৪৯২৪১৫